গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**তথ্য অধিদফতর**

**বাংলাদেশ সচিবালয়**

**ঢাকা**

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৩১/২০১৯-২০২০

ঢাকা, ৪ আগস্ট রোববার ২০১৯, ২০ শ্রাবণ ১৪২৬

**আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে**

১। ধর্মের অপব্যাখ্যার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে : আলেমদের প্রতি রাষ্ট্রপতি
২। ডেঙ্গুর বিরুদ্ধে সবাই লড়ছে, সংকট কাটিয়ে উঠব : লন্ডনে শোক দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী
৩। ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আসছে : স্বাস্থ্যমন্ত্রী
৪। দায়িত্বশীলরা অতিকথন থেকে বিরত থাকুন : ডেঙ্গু নির্মূল অভিযানে সেতুমন্ত্রী
৫। ডেঙ্গু মোকাবিলায় বিট পুলিশও কাজ করবে : স্বরাষ্ট্রমন্ত্রী
৬। ডেঙ্গু নিয়ন্ত্রণে পুরুষ এডিসকে বন্ধ্যাকরণের নতুন উদ্ভাবন মাঠ পর্যায়ে নিয়ে যাওয়া হবে : বিজ্ঞানমন্ত্রী
৭। ডেঙ্গু প্রতিরোধে মাঠে নামছেন ৫০ হাজার পুলিশ সদস্য
৮। স্থানীয় সরকার বিভাগ ও দুই সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের সকল ছুটি বাতিল
৯। কলকাতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ প্রতিকৃতি উন্মোচন
গড়ে তোলা হবে বঙ্গবন্ধু স্মৃতি সংগ্রহশালা
১০। বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে দেশে উন্নয়নের মহাযজ্ঞ চলছে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী
ঢাবিতে আজ থেকে ক্লাস নেবেন তথ্যমন্ত্রী
১১। জাতীয় জাদুঘরে বঙ্গবন্ধুর ওপর প্রদর্শনী
১২। রোহিঙ্গা সংকটের বোঝা কমাতে বিশ্ববাসীর প্রতি ভারতের আহ্বান
১৩। বংশী নদীতে নৌ ভ্রমণে ভারতীয় হাইকমিশনার ও নরওয়ের রাষ্ট্রদূত
১৪। জিপিএইচ ইস্পাতের প্ল্যান্ট পরিদর্শনে আরব আমিরাতের রাষ্ট্রদূত
১৫। বিশ্বে মাছ উৎপাদনে শীর্ষ অবস্থানে যাচ্ছে বাংলাদেশ

চলমান পাতা-২

**১। ধর্মের অপব্যাখ্যার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে : আলেমদের প্রতি রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, কিছু স্বার্থান্বেষী মহল ধর্মের অপব্যাখ্যা দিয়ে সমাজে বিশৃঙ্খলা সৃষ্টি, বিশেষকরে যুবসমাজকে ভুল পথে পরিচালিত করার অপচেষ্টা চালায়। ওলামা-মাশায়েখদের এসব অপতৎপরতার বিরুদ্ধে রুখে দাঁড়াতে হবে। রাষ্ট্রপতি গতকাল (৩ আগস্ট শনিবার) বঙ্গভবনে 'হজ ওলামা-মাশায়েখ টিম-২০১৯' এর সম্মানে আয়োজিত নৈশভোজে এসব কথা বলেন। রাষ্ট্রপতি বলেন, ইসলাম শান্তির ধর্ম। ধর্ম মানুষকে আলোর পথ দেখায়, সমাজ থেকে অন্ধকার-কুসংস্কার দূর করে। ইসলাম কখনও জঙ্গিবাদ ও সন্ত্রাসবাদ সমর্থন করে না। ইসলামের এ আদর্শ সঠিকভাবে তুলে ধরার জন্য রাষ্ট্রপতি ওলামা-মাশায়েখদের প্রতি আহ্বান জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৯.ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.১)।

**২। ডেঙ্গুর বিরুদ্ধে সবাই লড়ছে, সংকট কাটিয়ে উঠব : লন্ডনে শোক দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা পঁচাত্তরের বিয়োগান্ত ঘটনার স্মৃতিচারণ করে বলেছেন, একাত্তরে বঙ্গবন্ধুর নেতৃত্বে একটি দেশের জন্ম দিয়ে বীরের জাতি হিসেবে স্বীকৃতি পেয়েছিল বাঙালি। মাত্র সাড়ে তিন বছরের মাথায় সেই স্বীকৃতি বদলে গিয়ে বিশ্বব্যাপী তাদের পরিচয় দাঁড়ায় খুনি জাতি হিসেবে। গতকাল (৩ আগস্ট শনিবার) সেন্ট্রাল লন্ডনের ওয়েস্টমিনস্টার সেন্ট্রাল হলে যুক্তরাজ্য আওয়ামী লীগ আয়োজিত জাতীয় শোক দিবসের আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। ভাষণে প্রধানমন্ত্রী আরো বলেন, ডেঙ্গুর বিরুদ্ধে সরকার ও আমাদের দলসহ দেশবাসী যুদ্ধ করছেন। নিয়মিতই আপডেট পাচ্ছি, প্রয়োজনীয় পরামর্শও দিচ্ছি। ইনশাআল্লাহ এ পরিস্থিতিও অতিক্রম করব আমরা। চোখের চিকিৎসা, বাংলাদেশি দূতদের সম্মেলন এবং অন্যান্য কর্মসূচিতে যোগ দিতে গত ১৯ জুলাই লন্ডনে যান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আগামী ৮ আগস্ট তিনি দেশে ফিরবেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (পৃ.২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

**৩। ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আসছে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আসছে। মন্ত্রণালয়, সিটি করপোরেশন ভালো কাজ করছে। সবাই নিজ নিজ অবস্থান থেকে কাজ করলে মশা কমে যাবে। আর মশা কমে গেলে ডেঙ্গু পরিস্থিতির উন্নতি হবে। গতকাল (৩ আগস্ট শনিবার) বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয়ে ডেঙ্গু সেল পরিদর্শনের পর সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী আরো বলেন, ৫০ লাখ কিট ক্রয়ের অনুমোদন দেওয়া হয়েছে। এরই মধ্যে ২ লাখ কিট চলে এসেছে। সূত্র-**সমকাল** (পৃ.৩.ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৪), **নিউ নেশন** (পৃ.১,ক.৪), **নিউ এজ** (শেষ পৃ,ক.৪)।

**৪। দায়িত্বশীলরা অতিকথন থেকে বিরত থাকুন : ডেঙ্গু নির্মূল অভিযানে সেতুমন্ত্রী**

ডেঙ্গু পরিস্থিতি নিয়ে সরকারি দলের দায়িত্বশীল ব্যক্তিদের কথা কম বলে কাজ বেশি করার পরামর্শ দিয়েছেন সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (৩ আগস্ট শনিবার) রাজধানীর ফার্মগেটে ডেঙ্গু প্রতিরোধ ও সচেতনতামূলক শোভাযাত্রা ও প্রচারপত্র বিলির এ কর্মসূচিতে তিনি বলেন, এ সময়টি অত্যন্ত সংবেদনশীল। এ সময় অতিকথন দেশের জন্য খারাপ ফল বয়ে আনতে পারে। বিশ্বব্যাপী এ রোগের প্রকোপ বাড়ার বিষয় তুলে ধরে মন্ত্রী বলেন, আজ দুনিয়ার দিকে তাকান- ফিলিপাইনে হাজারের মতো মানুষ মারা গেছে। লক্ষাধিক আক্রান্ত। প্রতিবেশী দেশ ভারতসহ ভিয়েতনাম, মিয়ানমার, চীন ও থাইল্যান্ডে ডেঙ্গু ভয়ঙ্করভাবে বিস্তৃত হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩.ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.২,ক.৫)।

**৫। ডেঙ্গু মোকাবিলায় বিট পুলিশও কাজ করবে : স্বরাষ্ট্রমন্ত্রী**

ডেঙ্গু সংকট মোকাবিলায় সবাইকে সচেতন ও দায়িত্বশীল হওয়ার আহ্বান জানিছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল। তিনি বলেন, সিলেটে ইউনিয়নভিত্তিক বিট পুলিশিং চালু হয়েছে। রাজধানীতেও ওয়ার্ডভিত্তিক বিট পুলিশিং আছে। যেসব জায়গায় বিট পুলিশিং আছে, তাদের নির্দেশনা দেওয়া হবে। যেন তারা বিট পুলিশিংয়ের সঙ্গে সঙ্গে ডেঙ্গু মোকাবিলায়ও কাজ করে। রাজধানীর তেজগাঁওয়ে জাতীয় নাক-কান-গলা ইনস্টিটিউটে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে আয়োজিত এক আলোচনাসভায় গতকাল (৩ আগস্ট শনিবার) তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৮), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১)।

**৬। ডেঙ্গু নিয়ন্ত্রণে পুরুষ এডিসকে বন্ধ্যাকরণের নতুন উদ্ভাবন মাঠ পর্যায়ে নিয়ে যাওয়া হবে : বিজ্ঞানমন্ত্রী**

ডেঙ্গুর জীবাণুবাহী মশার বংশবিস্তার রোধে পুরুষ এডিসকে বন্ধ্যা করা হবে। এ পদ্ধতি উদ্ভাবন করেছেন সাভারের গণকবাড়ির পরমাণু শক্তি গবেষণা প্রতিষ্ঠানের জীববিজ্ঞান ইনস্টিটিউটের কীট জীবপ্রযুক্তি বিভাগের বিজ্ঞানীরা। গতকাল (৩ আগস্ট শনিবার) বিজ্ঞান ও প্রযুক্তিবিষয়ক মন্ত্রী ইয়াফেস ওসমান এ বন্ধ্যাকরণ পদ্ধতি শীঘ্রই মাঠ পর্যায়ে নিয়ে যাওয়ার নির্দেশ দিয়েছেন। মন্ত্রী গতকাল ইনস্টিটিউট পরিদর্শন করতে গিয়ে এডিস মশা নিয়ন্ত্রণের কার্যকর পদ্ধতিটির বিভিন্ন কারিগরি দিক সরেজমিন দেখেন। উদ্ভাবিত এ পদ্ধতি নিয়ে তিনি সন্তোষ প্রকাশ করেন। সূত্র-**সমকাল** (পৃ.১৯.ক.১), **জনকণ্ঠ** (পৃ.৩.ক.২)।

**৭। ডেঙ্গু প্রতিরোধে মাঠে নামছেন ৫০ হাজার পুলিশ সদস্য**

এডিস মশা প্রতিরোধে এবং জনসচেতনতা সৃষ্টি করতে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) ৫০ হাজার সদস্যকে মাঠে নামার নির্দেশ দিয়েছেন ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া। গতকাল (৩ আগস্ট শনিবার) রাজারবাগ পুলিশ লাইনসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে ডিএমপি কমিশনার এ নির্দেশনার কথা বলেন। তিনি ডেঙ্গু প্রতিরোধে মহানগরবাসীকে এগিয়ে আসার আহ্বান জানান। কমিশনার আরো বলেন, পুলিশ লাইনস এলাকায় এডিস মশার লার্ভা পেয়েছে ঢাকা দক্ষিণ সিটি করপোরেশন। এ এডিস মশার লার্ভা নিধনে ডিএমপির সব ইউনিটকে একযোগে পরিচ্ছন্নতা কার্যক্রম চালাতে নির্দেশ দেওয়া হয়েছে। কমিশনার বলেন, ডেঙ্গুর প্রকোপ শেষ না হওয়া পর্যন্ত আমাদের পরিচ্ছন্নতা অভিযান চলবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.৩,ক.২), **সমকাল** (পৃ.২,ক.২)।

**৮। স্থানীয় সরকার বিভাগ ও দুই সিটি কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারীদের সকল ছুটি বাতিল**

স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের সকল ধরনের ছুটি বাতিল করা হয়েছে। ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় সরকার এ ছুটি বাতিলের সিদ্ধান্ত নিয়েছে। ছুটি বাতিল করে গতকাল (৩ আগস্ট শনিবার) স্থানীয় সরকার বিভাগ থেকে দু'টি অফিস আদেশ জারি করা হয়েছে। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.২,ক.১), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (পৃ.১,ক.৭)।

**৯। কলকাতায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ প্রতিকৃতি উন্মোচন**
**গড়ে তোলা হবে বঙ্গবন্ধু স্মৃতি সংগ্রহশালা**

কলকাতায় বেকার হোস্টেলের বঙ্গবন্ধু স্মৃতিকক্ষে আনুষ্ঠানিকভাবে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ প্রতিকৃতি উন্মোচন করা হয়েছে গতকাল (৩ আগস্ট শনিবার)। পরে অনুষ্ঠানে বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম বলেন, কলকাতার সঙ্গে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের বহু স্মৃতি জড়িয়ে রয়েছে। ভারতের বিভিন্ন জায়গায়ও রয়েছে অনেক স্মৃতি। অনুমোদন পেলে সেই সব স্মৃতি সংরক্ষণ করে একটি সংগ্রহশালা গড়ে তোলা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.৭), **সমকাল** (পৃ.২,ক.৪), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৪)।

**১০। বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে দেশে উন্নয়নের মহাযজ্ঞ চলছে : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**
**ঢাবিতে আজ থেকে ক্লাস নেবেন তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, বঙ্গবন্ধুকে বাংলাদেশ স্বাধীনের মাত্র সাড়ে তিন বছরের মাথায় হত্যা করায় তাঁর স্বপ্ন অপূর্ণ রয়ে যায়। বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণের জন্য প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আজ মহা উন্নয়নযজ্ঞ শুরু হয়েছে। এ উন্নয়নের মহাযজ্ঞ সুসম্পন্ন করার জন্য প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে সবাইকে কাজ করতে হবে। গতকাল (৩ আগস্ট শনিবার) চট্টগ্রামের বোয়ালখালী উপজেলা চত্বরে উপজেলা আওয়ামী লীগ আয়োজিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবসের আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ক্লাস নেবেন পরিবেশবিদ ও তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। আজ (৪ আগস্ট রোববার) থেকে খণ্ডকালীন শিক্ষক হিসেবে সমুদ্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের ক্লাস নেবেন তিনি। সমুদ্রবিজ্ঞান বিভাগের সম্মান শেষ বর্ষের 'ইভল্যুশন অ্যান্ড আর্থ'স বায়োস্ফিয়ার' কোর্সটি পরিচালনা করবেন তথ্যমন্ত্রী। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **যুগান্তর** (পৃ.১৪,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**১১। জাতীয় জাদুঘরে বঙ্গবন্ধুর ওপর প্রদর্শনী**

বঙ্গবন্ধুর স্মৃতি নিদর্শন, আলোকচিত্র, পেইন্টিং এবং বঙ্গবন্ধুর ওপর প্রকাশিত গ্রন্থের ওপর বিশেষ প্রদর্শনী গতকাল (৩ আগস্ট শনিবার) থেকে শুরু হয়েছে জাতীয় জাদুঘরে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৪তম শাহাদতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে জাতীয় জাদুঘরের আয়োজনে শুরু হয়েছে এ বিশেষ প্রদর্শনী। এর পাশাপাশি অনুষ্ঠিত হয়েছে সেমিনার। বিষয় ছিল 'দেশ গঠনে বঙ্গবন্ধু'। এতে প্রধান অতিথি ছিলেন সংস্কৃতি প্রতিমন্ত্রী কে এম খালিদ। তিনি বলেন, বাঙালি জাতি স্বাধীনতা অর্জন করে বঙ্গবন্ধুর নেতৃত্বে। পঁচাত্তরের ১৫ আগস্ট দেশ হারায় বিশ্বের এক মহানায়ককে। বাঙালি এ বীরের অসামান্য অর্জন কখনো ম্লান হওয়ার নয়। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

**১২। রোহিঙ্গা সংকটের বোঝা কমাতে বিশ্ববাসীর প্রতি ভারতের আহ্বান**

মিয়ানমার থেকে পালিয়ে কক্সবাজারে আশ্রয় নেওয়া বিপুলসংখ্যক রোহিঙ্গার কারণে সৃষ্ট মানবিক বোঝা মোকাবিলায় বাংলাদেশকে সহায়তা করার জন্য বিশ্ববাসীর প্রতি আহ্বান জানিয়েছে ভারত। দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশগুলোর জোট-আসিয়ান থেকে প্রকাশিত এ বছরের বার্ষিক নিরাপত্তা প্রতিবেদনে রোহিঙ্গা ইস্যুতে বাংলাদেশের উদারতার স্বীকৃতি দিয়ে এ আহ্বান জানিয়েছে ভারত। প্রতিবেদনে বলা হয়েছে, ভারত বাংলাদেশের উন্নয়নের শীর্ষস্থানীয় অংশীদার। পুরো অঞ্চলে নিরাপত্তা, জ্বালানি সহযোগিতা, বাণিজ্য, যোগাযোগ ও জনগণের সঙ্গে সম্পর্ক উন্নয়নের জন্য দীর্ঘস্থায়ী অগ্রগতি অর্জনে বাংলাদেশ সরকারের সঙ্গে নিবিড়ভাবে কাজ করছে ভারত। সূত্র **: ইত্তেফাক** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৬)।

**১৩। বংশী নদীতে নৌ ভ্রমণে ভারতীয় হাইকমিশনার ও নরওয়ের রাষ্ট্রদূত**

নদীমাতৃক বাংলাদেশে অনেক সুন্দর নদী এবং পর্যটনকেন্দ্র রয়েছে বলে মন্তব্য করেছেন ঢাকায় নিযুক্ত ভারতীয় হাইকমিশনার রিভা গাঙ্গুলি দাস। গতকাল (৩ আগস্ট শনিবার) ঢাকার সাভারের কর্ণপাড়া এলাকায় বংশী নদী ভ্রমণ শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। বংশী নদী ভ্রমণে ভারতীয় হাইকমিশনারের সঙ্গে ঢাকায় নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত মিশিল ব্লেকেনও ছিলেন। তিনি বলেন, নরওয়ে সরকার সব সময় বাংলাদেশের পাশে থাকবে। সূত্র **: সংবাদ** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৩)।

**১৪। জিপিএইচ ইস্পাতের প্ল্যান্ট পরিদর্শনে আরব আমিরাতের রাষ্ট্রদূত**

বাংলাদেশে নিযুক্ত সংযুক্ত আরব আমিরাতের রাষ্টদূত সাইয়েদ মোহাম্মদ আল মেহরি বলেছেন, পেশাগত দক্ষতা ও আধুনিক প্রযুক্তির সম্মিলন বাংলাদেশে তথা এশিয়ার ইস্পাত খাতে নতুন দিগন্তের সূচনা করবে। গত ২ আগস্ট শুক্রবার সীতাকুন্ডের কুমিরায় জিপিএইচ ইস্পাতের নতুন প্ল্যান্ট পরিদর্শনকালে সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত এ অভিমত ব্যক্ত করেন। তিনি উভয় দেশের সরকারের দ্বিপাক্ষিক সুসম্পর্ক ও বেসরকারি খাতের বাণিজ্যিক সম্পর্কের ব্যাপারে সন্তোষ প্রকাশ করেন। সূত্র **: ইত্তেফাক** (পৃ.৫,ক.৫)।

**১৫। বিশ্বে মাছ উৎপাদনে শীর্ষ অবস্থানে যাচ্ছে বাংলাদেশ**

মৎস্য উৎপাদনে নতুন দিগন্ত উন্মোচিত হয়েছে বাংলাদেশে। আগামী ২০২২ সালের মধ্যে বিশ্বে যে কয়েকটি দেশ মাছ চাষে ব্যাপক সাফল্য অর্জন করতে যাচ্ছে তার মধ্যে প্রথম অবস্থানে থাকবে বাংলাদেশ। ইন্টারন্যাশনাল ফুড পলিসি রিসার্চ ইনস্টিটিউটের এক সমীক্ষায় এ তথ্য প্রকাশ করা হয়েছে। সংস্থাটি বলছে, বাংলাদেশে উৎপাদিত মাছের ৭৫ শতাংশই এখন বাণিজ্যিকভাবে বাজারজাত করছেন মাছ চাষিরা। সূত্র : **আমাদের অর্থনীতি** (শেষ পৃ,ক.১)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** রাজধানীতে গত এক মাসে দুইটি একে-২২ রাইফেল উদ্ধার করার কথা উল্লেখ করে এ ব্যাপারে সাবধানতা অবলম্বনের সুপারিশ।

খ. **সমকাল :** চট্টগ্রাম বন্দর গত এপ্রিলে ১৩৩ বছরে পা দিয়েছে উল্লেখ করে দেশের আমদানি-রফতানিভিত্তিক অর্থনীতি সচল কিংবা অধিকতর গতিশীল করতে চট্টগ্রাম বন্দরের সক্ষমতা বৃদ্ধির বিকল্প নেই বলে মতপ্রকাশ।

গ. **বণিকবার্তা :** বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের সর্বশেষ প্রতিবেদন অনুযায়ী ২০১৭ সালে দেশের বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর ৫৭ শতাংশ আসনই ফাঁকা ছিল উল্লেখ করে এ অবস্থা নিরসনে মানসম্পন্ন শিক্ষা, শিক্ষক ও অবকাঠামো উন্নয়নকে প্রাধান্য দেওয়ার ওপর গুরুত্বরোপ।

ঘ. **ইনকিলাব :** রাইড শেয়ারিংয়ের মোটর সাইকেল চালকরা বেশিরভাগই ট্রাফিক শৃঙ্খলা মানছেনা উল্লেখ করে ঝুঁকিপূর্ণ এসব মোটরসাইকেল নিয়ন্ত্রণের সুপারিশ।

ঙ. **ভোরের কাগজ :** এবারের বন্যায় সারাদেশে ৪ হাজার ৭০৮টি শিক্ষাপ্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে বলে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর প্রকাশিত সর্বশেষ দুর্যোগ পরিস্থিতি প্রতিবেদনে জানানো হয়েছে উল্লেখ করে এগুলো চিহ্নিত করে দ্রুত সংস্কারের ওপর গুরুত্বারোপ।

চ. **অবজারভার :** জলবায়ু পরিবর্তনজনিত ঝুঁকি মোকাবিলায় বনভূমি রক্ষায় দৃষ্টি দেওয়ার সুপারিশ।

ছ. **নিউ এজ :** বন্যা কবলিত এলাকাগুলোতে পর্যাপ্ত ত্রাণ সহায়তা ও চিকিৎসা সেবার ব্যবস্থা করার ওপর গুরুত্বারোপ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সামাজিক যোগাযোগের মাধ্যমসহ সকল ডিজিটাল মাধ্যমে অনাকাঙ্ক্ষিত ও ক্ষতিকর বিষয়বস্তু থেকে নারী ও শিশুসহ সকলের সুরক্ষার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **' বিশ্ব শ্রমবাজারে পাঠানো প্রয়োজন দক্ষ মানবসম্পদ'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, দেশ থেকে যদি দক্ষ মানবসম্পদ বিদেশে পাঠানো যায় তাহলে রেমিট্যান্স বৃদ্ধির পাশাপাশি তারাও হয়রানি ও অতিরিক্ত কাজের চাপ থেকে মুক্তি পাবে।

#

ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা